



### “বিজ্ঞপ্তি”

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মাধবদী পৌরসভায় বিশেষ ওএমএস এর কর্মসূচির আওতায় সরকার নির্ধারিত মূল্যে খাদ্য সহায়তার লক্ষ্যে খাদ্যশস্য বিক্রির কার্যক্রম পরিচালনার জন্য মাধবদী পৌরসভার ছোট গদাইচর বিক্রয় কেন্দ্রের জন্য ০১ (এক) জন ডিলার নিয়োগের নিমিত্তে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। ইচ্ছুক আবেদনকারীগণকে নিম্ন স্বাক্ষরকারীর বরাবরে অফিস চলাকালীন সময়ে প্রয়োজনীয় কাগজপত্র সহ আগামী ১০-০৯-২০২৩ খ্রি. তারিখের মধ্যে আবেদনপত্র দাখিলের জন্য অনুরোধ করা হল।

#### শর্তাবলী:

- আবেদনকারীকে সংশ্লিষ্ট মাধবদী পৌরসভার বাসিন্দা হতে হবে এবং আবেদনপত্রের সাথে সংশ্লিষ্ট পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত সনদ পত্র সংযুক্ত করতে হবে।
- দোকানের মেঝে অবশ্যই পাকা হতে হবে এবং পণ্য নিরাপদ সংরক্ষণের উপযোগী হতে হবে।
- দৈনিক বরাদ্দকৃত সম্পূর্ণ চাল সংরক্ষণের সু-ব্যবস্থা থাকতে হবে।
- ডিলারকে মাধবদী পৌরসভার ট্রেড লাইসেন্সধারী ব্যবসায়ী হতে হবে এবং আবেদনপত্রের সাথে ট্রেড লাইসেন্স এর কপি সংযুক্ত করতে হবে।
- আবেদনপত্রের সাথে জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।
- ডিলারকে আর্থিক দিক থেকে স্বচ্ছল ও মালামালের হিসাব সংরক্ষণে সক্ষম হতে হবে।
- একই ব্যক্তি খাদ্য বিভাগে একাধিক ক্ষেত্রে ডিলার হতে পারবেন না।
- ডিলার নিয়োগ হলে তাকে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নরসিংদী সদর বরাবরে ২০,০০০/- (বিশ হাজার) টাকার ফেরতযোগ্য জামানত (পে- অর্ডার আকারে) এবং ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প অঙ্গীকারনামা জমা দিতে হবে।

  
(মুহাম্মদ আলমগীর হোসেন)  
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক  
নরসিংদী সদর, নরসিংদী।  
ফোনঃ ০২-২২৪৪৫১১৯৫

E-mail: ucf.nsdadar@gmail.com

স্মারক নং-১৩.০২.৬৮৬০.০০৪.৫৭.০০১.১৭-৬৯৩(১০)

তারিখ: ৩১-০৮-২০২৩ খ্রি.

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও বহুল প্রচারের জন্য:-

- মাননীয় সংসদ সদস্য, নরসিংদী-১, নরসিংদী।
- জেলা খাদ্য নিয়ন্ত্রক, নরসিংদী।
- চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নরসিংদী।
- উপজেলা নির্বাহী কর্মকর্তা, নরসিংদী সদর, নরসিংদী।
- মেয়র, মাধবদী পৌরসভা, নরসিংদী।
- উপজেলা কৃষি কর্মকর্তা, নরসিংদী সদর, নরসিংদী।
- উপজেলা শিক্ষা কর্মকর্তা, নরসিংদী সদর, নরসিংদী।
- উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, নরসিংদী সদর, নরসিংদী।
- নোটিশ বোর্ড।
- অফিস নথি।

  
(মুহাম্মদ আলমগীর হোসেন)  
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক  
নরসিংদী সদর, নরসিংদী।